দৈনিক সংবাদ

তারিখ ... AUG. 1 7 1999

পৃষ্ঠা ৭২ কলাম ৭

26

### আন্দোলনে আসুন ঃ খালেদার আহ্বান

# সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত করছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া বলেছেন, বর্তমান সরকার গত তিন বছরে বারবার প্রমাণ করেছে দেশ পরিচালনায় তারা অদক্ষ, সমাজের প্রতিটি ক্ষেত্রে অস্থিরতা সৃষ্টি করেছে, সমস্যা বাড়িয়েছে। তিনি বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে মাদ্রাসা শিক্ষা বন্ধ হয়ে যাবে।

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের নেতৃবৃন্দ গতকাল সোমবার সন্ধ্যায় ২৯ মিন্টো রোডে বিরোধীদলীয় নেত্রীর সরকারি বাসভবনে বেগম জিয়ার সাথে সাক্ষাৎ করতে গেলে তিনি তাদের উদ্দেশ্যে এ বক্তব্য রাখেন। জাতীয়তাবাদী ওলামা দলের আহ্বায়ক নজিবুল বশর মাইজভাণ্ডারি, ঢাকা মহানগরী বিএনপির আহ্বায়ক সাদেক হোসেন খোকা এমপি, আবদুস সালাম ও মাদ্রাসা ছাত্র ফেডারেশন নেতৃবৃন্দের মধ্যে আবদুস সবুর মাতব্বর, মুফতি মোঃ ইলিয়াস, আবদুর রহমান, জাকির হোসেন, আবু তাহের, মুতাসিম বিল্লাহ, মনির হোসেন ও সাইদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

৮টি ছাত্র সংগঠন নিয়ে গঠিত মাদ্রাসা ছাত্র ফেডারেশনের নেতৃবৃন্দ বেগম খালেদা জিয়ার কাছে তাদের দাবি-দাওয়া নিয়ে একটি স্মারকলিপি দেন। তারা ২৫১টি মাদ্রাসা বন্ধের আদেশ প্রত্যাহার, মাদ্রাসা বন্ধের কালো আইন বাতিল ও বিভিন্ন বৈষম্য দূর করার দাবি জানান।

বেগম জিয়া বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছে। এর বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করতে হবে। তিনি বলেন, এই সরকার ক্ষমতায় থাকলে দেশ ধ্বংস হয়ে যাবে। সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন করে দেশকে বাঁচাতে হবে। তিনি মাদ্রাসা ছাত্রদের আন্দোলনে শরিক হওয়ার আহ্বান জানান।